

১১/১১/০৭
২৬

মোশতাক আহমেদ : সরকারের নিষেধাজ্ঞা অমান্য করে ঢাকাসহ দেশের বিভিন্ন জায়গায় প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের আউটার ক্যাম্পাসে ছাত্র ভর্তি চলছে। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন এ সব অভিযোগ পাওয়ার পর অনুমোদিত পাঁচটি বাদে গাফিলত সবার আউটার ক্যাম্পাসের বিরুদ্ধে পুলিশী তৎপরতা চালানোর আহ্বান জানিয়েছে। একই সঙ্গে এ সব আউটার ক্যাম্পাস সম্পর্কে সাবধান হওয়ার জন্য সবার প্রতি আহ্বান জানিয়েছেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক নজরুল ইসলাম।

দেশের প্রাইভেট বিশ্ববিদ্যালয় সম্পর্কে অভিযোগের পরিমাণ পাহাড়সম। অনিয়ম ও নিয়মনীতি না মানায় ইতোমধ্যে পাঁচটি বেসরকারী বিশ্ববিদ্যালয় বন্ধ করে দিলেও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের অনিয়ম বন্ধ হয়নি। শিক্ষার নামে বাণিজ্যই প্রধান চরিত্র এসব বিশ্ববিদ্যালয়ের। প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের নানা অব্যবস্থাপনা ও অসম্মতির চিত্র খোদ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের বার্ষিক প্রতিবেদনেও বারবার ফুটে উঠেছে। আউটার ক্যাম্পাসের নামে সার্টিফিকেট বাণিজ্যের চিত্রও ফুটে উঠে মঞ্জুরি কমিশনের রিপোর্টে। খোদ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক নজরুল ইসলামের ভাষায় "শিক্ষার নামে এক ধরনের সার্টিফিকেট (সেন্দ) বাণিজ্য লিভ হয়ে গেছে তারা। এ সব আউটার ক্যাম্পাসে অনেক সরকারী কুল-কলেজের শিক্ষকরাও ক্লাস নিচ্ছেন।" সূত্রমতে, সারাসেনে প্রায় এক শ'র মতো আউটার ক্যাম্পাস রয়েছে সেখানে মূলত শিক্ষার নামে বাণিজ্য হচ্ছে। এমনি পরিস্থিতিতে কিছুদিন আগে শিক্ষার নামে সার্টিফিকেট বাণিজ্য বন্ধ করতে শিক্ষা মন্ত্রণালয় এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন মিলে প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের সকল আউটার ক্যাম্পাস বন্ধের নির্দেশ দেয়। এই সিদ্ধান্ত অনুযায়ী বৈধ-অবৈধ সকল আউটার ক্যাম্পাসে নতুন করে আর ছাত্র ভর্তি করা যাবে না বলেও সর্বশ্রেষ্ঠ সবাইকে জানিয়ে দেয়া হয়। কিন্তু কাগজে-কলমে এই নির্দেশ দেয়া হলেও বাস্তবের অবস্থা ভিন্ন। অনুসন্ধান জানা গেছে, সরকারের নিষেধাজ্ঞা অমান্য করেই রাজধানী ঢাকাসহ দেশের বিভিন্ন প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের আউটার ক্যাম্পাসে দেশের ছাত্র ভর্তি করা হচ্ছে। চট্টগ্রামে মূল অবস্থিত এমন একটি বেসরকারী বিশ্ববিদ্যালয় ঢাকার আউটার ক্যাম্পাসে

সরকারী নিষেধাজ্ঞা অমান্য ॥ প্রাইভেট ভার্সিটির আউটার ক্যাম্পাসে ছাত্র ভর্তি চলছে

ছাত্র ভর্তি করছে বলে অভিযোগ পাওয়া গেছে। ঢাকার বাইরে নীলফামারী, রাজশাহীসহ দেশের বিভিন্ন জায়গাতেই আউটার ক্যাম্পাসে ছাত্র ভর্তি করা হচ্ছে। নীলফামারীতে শান্তমারিয়ম ও এশিয়ান ইউনিভার্সিটি অনুমোদন ছাড়াই আউটার ক্যাম্পাসে ছাত্র ভর্তি করছে। এছাড়া চট্টগ্রাম, সিলেটসহ দেশের বিভিন্ন জেলায় বিভিন্ন আউটার ক্যাম্পাসে ছাত্র ভর্তি চলছে। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক নজরুল ইসলাম জনকণ্ঠকে জানান, তাঁরাও ভিসিদের মাধ্যমে এ রকম অভিযোগ পাচ্ছেন। তিনি বলেন আমরা বারবার তাদের মানা করে দিচ্ছি যাতে তারা ছাত্র ভর্তি না করে। তারপরও সেবা যাচ্ছে কিছু কিছু আউটার ক্যাম্পাসে নতুন করে ছাত্র ভর্তি করা হচ্ছে। এ জন্য আমরা এখনও সবাইকে সাবধান হতে বসছি। তাছাড়া এসব আউটার ক্যাম্পাসের বিরুদ্ধে যাতে পুলিশী তৎপরতা শুরু করা যায় সে বিষয়টি আমরা বসছি। তবে এবিষয়টি বাস্তবায়ন করবে শিক্ষা মন্ত্রণালয়। কারণ আমরা কেবল সুপারিশ করতে পারি। বাস্তবায়নের কাজ শিক্ষা মন্ত্রণালয়ের। তিনি জানান, পাঁচ অনুমোদিত বিশ্ববিদ্যালয়ের আউটার ক্যাম্পাসের ব্যাপারে শিক্ষা মন্ত্রণালয় কিছু নমনীয়। তাই এই পাঁচটির ব্যাপারে তেমন কিছু করা সম্ভব নয়।